শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭(অংশ-২)- ৭৩

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২৮ / ১৭ ফেব্রুয়ারি ২০২২

প্রেরক ঃ মো: আকবর হোসেন
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দূর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ছাড়করণ প্রসঙ্গে।**

অর্থ বিভাগের ০১/০৮/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩১০নং স্মারক এবং ২৮/১০/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৪১৩নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে চলতি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" শীর্ষক থোক (কোড নং-২২১০০০৭০০) এর অনুকূলে বরাদ্দকৃত ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকা হতে ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দূর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী খাতে বরাদ্দকৃত ১০০.০০ কোটি (একশত কোটি) টাকা হতে সাধারণ জনগণের কোভিড-১৯ টীকাদান কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ১৫,৯৮,৮০,০০০/- (পনের কোটি আটানব্বই লক্ষ আশি হাজার) ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো। জেলাওয়ারী বরাদ্দের পরিমাণ নিম্নরূপ:

| ক্রমিক নং | বিভাগ | জেলা | ইউনিয়নের সংখ্যা | বরাদ্দের পরিমাণ | ক্রমিক নং | বিভাগ | জেলা | ইউনিয়নের সংখ্যা | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ঢাকা | ৬১ | ২১৩৫০০০ | ৩৩ | | রাজশাহী | ৭২ | ২৫২০০০০ |
| ২ | | নারায়নগঞ্জ | ৩৯ | ১৩৬৫০০০ | ৩৪ | | সিরাজগঞ্জ | ৮৩ | ২৯০৫০০০ |
| ৩ | | মুন্সিগঞ্জ | ৬৮ | ২৩৮০০০০ | ৩৫ | | চাপাইনবাবগঞ্জ | ৪৫ | ১৫৭৫০০০ |
| ৪ | | মানিকগঞ্জ | ৬৫ | ২২৭৫০০০ | ৩৬ | রাজশাহী | পাবনা | ৭৪ | ২৫৯০০০০ |
| ৫ | | নরসিংদী | ৭১ | ২৪৮৫০০০ | ৩৭ | | নাটোর | ৫২ | ১৮২০০০০ |
| ৬ | | গাজীপুর | ৩৯ | ১৩৬৫০০০ | ৩৮ | | বগুড়া | ১০৯ | ৩৮১৫০০০ |
| ৭ | ঢাকা | কিশোরগঞ্জ | ১০৮ | ৩৭৮০০০০ | ৩৯ | | জয়পুরহাট | ৩২ | ১১২০০০০ |
| ৮ | | টাংগাইল | ১১৮ | ৪১৩০০০০ | ৪০ | | নওগাঁ | ৯৯ | ৩৪৬৫০০০ |
| ৯ | | ফরিদপুর | ৮১ | ২৮৩৫০০০ | ৪১ | | রংপুর | ৭৬ | ২৬৬০০০০ |
| ১০ | | মাদারীপুর | ৬০ | ২১০০০০০ | ৪২ | | কুড়িগ্রাম | ৭৩ | ২৫৫৫০০০ |
| ১১ | | রাজবাড়ী | ৪২ | ১৪৭০০০০ | ৪৩ | | পঞ্চগড় | ৪৩ | ১৫০৫০০০ |
| ১২ | | শরীয়তপুর | ৬৫ | ২২৭৫০০০ | ৪৪ | রংপুর | দিনাজপুর | ১০৩ | ৩৬০৫০০০ |
| ১৩ | | গোপালগঞ্জ | ৬৭ | ২৩৪৫০০০ | ৪৫ | | লালমনিরহাট | ৪৫ | ১৫৭৫০০০ |
| ১৪ | | ময়মনসিংহ | ১৪৫ | ৫০৭৫০০০ | ৪৬ | | গাইবান্ধা | ৮১ | ২৮৩৫০০০ |
| ১৫ | ময়মনসিংহ | নেত্রকোনা | ৮৬ | ৩০১০০০০ | ৪৭ | | নীলফামারী | ৬০ | ২১০০০০০ |
| ১৬ | | শেরপুর | ৫২ | ১৮২০০০০ | ৪৮ | | ঠাকুরগাঁও | ৫৪ | ১৮৯০০০০ |
| ১৭ | | জামালপুর | ৬৮ | ২৩৮০০০০ | ৪৯ | | খুলনা | ৬৮ | ২৩৮০০০০ |
| ১৮ | | চট্টগ্রাম | ১৯১ | ৬৬৮৫০০০ | ৫০ | | যশোর | ৯৩ | ৩২৫৫০০০ |
| ১৯ | | ব্রাহ্মণবাড়িয়া | ১০০ | ৩৫০০০০০ | ৫১ | | নড়াইল | ৩৯ | ১৩৬৫০০০ |
| ২০ | | চাঁদপুর | ৮৮ | ৩০৮০০০০ | ৫২ | | মেহেরপুর | ২০ | ৭০০০০০ |
| ২১ | | লক্ষীপুর | ৫৮ | ২০৩০০০০ | ৫৩ | খুলনা | বাগেরহাট | ৭৫ | ২৬২৫০০০ |
| ২২ | চট্টগ্রাম | নোয়াখালী | ৮৯ | ৩১১৫০০০ | ৫৪ | | চুয়াডাঙ্গা | ৩৯ | ১৩৬৫০০০ |
| ২৩ | | ফেনী | ৪৩ | ১৫০৫০০০ | ৫৫ | | মাগুরা | ৩৬ | ১২৬০০০০ |
| ২৪ | | কক্সবাজার | ৭১ | ২৪৮৫০০০ | ৫৬ | | কুষ্টিয়া | ৬৫ | ২২৭৫০০০ |
| ২৫ | | রাঙ্গামাটি | ৫০ | ১৭৫০০০০ | ৫৭ | | সাতক্ষীরা | ৭৮ | ২৭৩০০০০ |
| ২৬ | | কুমিল্লা | ১৯৩ | ৬৭৫৫০০০ | ৫৮ | | ঝিনাইদহ | ৬৭ | ২৩৪৫০০০ |

অ:পৃ:দ্র:

| ক্রমিক নং | বিভাগ | জেলা | ইউনিয়নের সংখ্যা | বরাদ্দের পরিমাণ | ক্রমিক নং | বিভাগ | জেলা | ইউনিয়নের সংখ্যা | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৭ | | খাগড়াছড়ি | ৩৮ | ১৩৩০০০০ | ৫৯ | বরিশাল | বরিশাল | ৮৮ | ৩০৮০০০০ |
| ২৮ | | বান্দরবান | ৩৪ | ১১৯০০০০ | ৬০ | | বরগুনা | ৪২ | ১৪৭০০০০ |
| ২৯ | সিলেট | সিলেট | ১০৪ | ৩৬৪০০০০ | ৬১ | | পিরোজপুর | ৫৩ | ১৮৫৫০০০ |
| ৩০ | | হবিগঞ্জ | ৭৮ | ২৭৩০০০০ | ৬২ | | পটুয়াখালী | ৭৬ | ২৬৬০০০০ |
| ৩১ | | মৌলভীবাজার | ৬৭ | ২৩৪৫০০০ | ৬৩ | | ঝালকাঠি | ৩২ | ১১২০০০০ |
| ৩২ | | সুনামগঞ্জ | ৮৮ | ৩০৮০০০০ | ৬৪ | | ভোলা | ৬৯ | ২৪১৫০০০ |
| | | | | | | | | | মোট = ১৫,৯৮,৮০,০০০.০০ |

(কথায় : পনের কোটি আটানব্বই লক্ষ আশি হাজার টাকা মাত্র)

১। জেলা প্রশাসকগণ তাঁদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ট্রেজারী হতে উত্তোলন করে বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় সাধারণ জনগণের কোভিড-১৯ টীকাদান কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ইউনিয়ন প্রতি ৩৫,০০০ (পঁয়ত্রিশ হাজার) টাকা করে চেকের মাধ্যমে সরাসরি প্রদান করবেন;

২। এ ব্যয় ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৭০০/৪১১১৩০৪ কোডভুক্ত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাত হতে মিটানো হবে; ছাড়কৃত অর্থ আইবাস সিস্টেমে জেলাওয়ারী ডিডিও অথরাইজেশন এর মাধ্যমে এ এন্ট্রি করা হয়েছে;

৩। এ অর্থ বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় সাধারণ জনগণের কোভিড-১৯ টীকাদান কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনার ব্যয় নির্বাহ ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না। ইউনিয়ন পরিষদ প্রয়োজনবোধে এখাতে নিজস্ব রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করতে পারবে।

৪। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৫। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২২এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৭। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন; এবং

৮। মঞ্জুরীকৃত অর্থের ব্যয় বিবরণী ১৫/০৭/২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

১৭/২/২২

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন ঃ ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭(অংশ-২)- ৭০

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২৮ / ১৭ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
৪. বিভাগীয় কমিশনার (সকল)------------------------বিভাগ।
৫. মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), মতিঝিল, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক (সকল)-----------------------------জেলা।
৯. উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)--------------------------জেলা।
১১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসার-----------------উপজেলা--------------------জেলা।
১৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)---------------------------------জেলা।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)----------------উপজেলা-----------------জেলা।
১৬. চেয়ারম্যান---------------ইউনিয়ন পরিষদ------------উপজেলা----------------জেলা।
১৭. অফিস কপি।

১৭/২/২২

(মো: আকবর হোসেন)
উপসচিব